# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/মেহেরপুর-১১/২৮৯

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পুর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

সূত্র : ১। জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, মেহেরপুর, স্মারক নং-জিশঅ/মেহের/২০২৫/৫৭৪, তারিখ-২৭.১০.২০২৫;
২। মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীগণের গত ০৬.০১.২০২৬ ইং তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মেহেরপুর জেলার মেহেরপুর সদর উপজেলাধীন মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর এর দপ্তর হইতে ৫৭৪নং স্মারকে একটি পত্র অত্র বোর্ডে প্রেরন করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮-১-২৬
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
সদর, মেহেরপুর।

নং-বামাশিবো/প্রশা/মেহেরপুর-১১/

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মেহেরপুর;
২. জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মেহেরপুর;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা-সদর, মেহেরপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

৮/০১/২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মেহেরপুর।

স্মারক নং-জেশিঅ/মেহের/২০২৫/ ৫৭৪

তারিখ: ২৭.১০.২০২৫

বিষয়: মেহেরপুর জেলার সদর উপজেলাধীন মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসা-এর সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসার সুপার স্মারক নং ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০২.২৪-১৪, তাং ০৬.০১.২০২৫খ্রি. ও স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪.০৮, তাং ০৯.০১.২০২৫খ্রি. প্রজ্ঞাপন ০২টির নির্দেশনা অনুসরণ করতে ব্যর্থ হয়েছেন বা ইচ্ছকৃতভাবে অনুসরণ করেননি। কারণ পত্র ০২টি জারি হওয়া ০৯ মাস অতিবাহিত হলেও অদ্যাবধি তিনি এডহক কমিটি গঠনের কোন পদক্ষেপ গ্রহণ করেন নাই। তাকে বার বার বলা সত্ত্বেও তিনি বিভিন্ন অজুহাত দেখিয়ে, মিথ্যা তথ্য দিয়ে কমিটির বিষয়টি এড়িয়ে যাচ্ছেন। যা শৃঙ্খলা ভঙ্গের সামিল এবং চাকুরী বিধির লঙ্ঘন।

০২) প্রতিষ্ঠানের সহকারী মৌলভী জনাব সামসুল হক-এর সম্পর্কে তদন্তে বার বার তার সাথে যোগাযোগ করা হলেও তিনি কোন সহযোগিতা করেন নাই।

০৩) গত ১৬.১০.২০২৫খ্রি. তারিখে মাদ্রাসা পরিদর্শনে যেয়ে শিক্ষক উপস্থিতি বই যাচাইয়ে দেখা যায় তিনি গত ০৬.০৮.২০২৫ ও ০৭.০৮.২০২৫ এবং ২৩.০৯.২০২৫খ্রি. তারিখ থেকে ১৬.১০.২০২৫খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষকে লিখিত বা মৌখিকভাবে না জানিয়ে অননুমোদিতভাবে প্রতিষ্ঠানে অনুপস্থিত আছেন।

০৪) মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের সাথে সুপার কোন যোগাযোগ রাখেন না। অনেক দিন পর পর প্রতিষ্ঠানে এসে হাজিরা খাতায় সই করেন বলে অভিযোগ আছে।

০৫) সুপারের স্বেচ্ছাচারীতার কারণে প্রতিষ্ঠানটি ধ্বংসের দ্বারপ্রান্তে। কিন্তু মাদ্রাসা পরিচালনা কমিটি না থাকায় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

০৬) প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক-কর্মচারীর কথা চিন্তা করে বেতন বিলে সই করতে হয়। সুপারের বেতন বিলে সই না করলে তিনিও বেতন বিলে সই করেন না। তাই তিনি শিক্ষকদের জিম্মি করে নিজের বেতন বিল উত্তোলন করেন।

০৭) তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তার লিখিত জবাব সন্তোষজনক নয়। তিনি তার মাদ্রাসা সংক্রান্ত কোন কাজে সহযোগিতা করেন না, বার বার চেষ্টা করে যোগাযোগ করাও সম্ভব হয় না।

উপরিউক্ত সমস্যাগুলোর আলোকে তাকে সাময়িক বহিষ্কার এবং প্রতিষ্ঠানটির লেখাপড়ার পরিবেশ বজায় রাখার জন্য একজন ভারপ্রাপ্ত সুপার নিয়োগ আবশ্যক বলে নিম্নস্বাক্ষরকারী মনে করেন।

২৭।১০।২০২৫
(মো: আবদুর রাহীম)
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
মেহেরপুর।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো:
০১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, মেহেরপুর।
০৩. অফিস নথি।

তারিখ: ০৬/০১/২০২৬ খ্রি.

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**বিষয়ঃ মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসাটি ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য অত্র মাদ্রাসার সুপার রাবিয়াজামানের নানাবিধ অনিয়ম বিশৃঙ্খলা ও অসদ আচারণ এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ মেহেরপুর মহিলা মাদ্রাসার সকল শিক্ষক ও কর্মচারীগণের বিনয়ের সাথে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে,

০১। মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসার সুপার রাবিয়াজ্জামান যার ইনডেক্স নং-K৪৩১৪০২। তিনি অত্র মাদ্রাসায় ০১/০১/১৯৯৬ খ্রি. তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে সুপার হিসাবে যোগদান করেন। অথচ কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই তিনি রাবিয়াজ্জামান, স্বামী- মোঃ আনোয়ারুলআজ্জামান মেহেরপুর সাবেক (VTI) বর্তমান মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে খন্ডকালীন ধর্মীয় শিক্ষক হিসাবে ০৮/০৬/১৯৯৬ খ্রি. তারিখে যোগদান করেন এবং সেখানে সরকারী বেতন উত্তোলন করে আসছেন। একই সাথে মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসা থেকে সরকারী বেতন ভাতাদি উত্তোলন করছেন। প্রতিষ্ঠান প্রধান হিসাবে ০২ (দুই) জায়গায় চাকরির করার কারণে তিনি মাদ্রাসার যথাযথ দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন দীর্ঘবছর ধরে মেহেরপুর সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ধর্মীয় শিক্ষক হিসাবে এখানে তিনি ০২ (দুই) শিফটে ক্লাস নিচ্ছেন। এই বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। (পৃষ্ঠা- ১,২,৩,৪)

০২। দেশের পরিবর্তিত পরিস্থিতির কারণে মাদ্রাসার পূর্বের স্থানীয় সমস্ত ম্যানেজিং কমিটি ভেঙ্গে যায়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.৩৩.০০২.২৪.১৪; তারিখ: ০৬/০১/২০২৫ প্রেরিত পত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০১২ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধি ৩৯ এর আওতায় বেসরকারি মাদ্রাসায় এডহক কমিটি গঠনপূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিনি কমিটি গঠন করেন নি। জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার কে মাদ্রাসার কমিটি গঠন করার জন্য শিক্ষক ও কর্মচারীগণ আবেদনের মাধ্যমে অবগত করলে এর প্রেক্ষিতে অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা আফিসার কমিটি গঠন করার জন্য নির্দেশ দিলেও সুপার কর্ণপাত করছেন না। (পৃষ্ঠা- ৫,৬,৭,৮,৯)

০৩। মাদ্রাসার সুপার শিক্ষক কর্মচারীদের সরকারি মাসিক বেতন বিলে স্বাক্ষর করেতে চান না এবং মাদ্রাসার প্রয়োজনীয় রেকর্ডপত্র নিজ হেফাজতে রাখে।

০৪। তার যোগদানের পর থেকে অদ্যাবধি পর্যন্ত প্রতিষ্ঠানে ঠিকমতো আসেন না।

০৫। বিভিন্ন তদন্তে তিনি (সুপার) দুষি সাব্যস্ত হন। এবং সুপার এতটাই উশৃঙ্খল যে বিগত সভাপতিকে নারী নির্যাতন মামলার হুমকি দেন মাদ্রাসার সভাপতিগণ তার বিরুদ্ধে থানায় ডাইরি করতে বাধ্য হন ডাইরি নং- ২৯৪ ও ৫৫৯। সুপার একজন মানসিক বিপরযন্ত্র তার আচারণে এমনটি সকলে মনে করেন। প্রতিষ্ঠানের অর্থ ব্যাংকে জমা না রেখে নিজের কাছে রাখে। (পৃষ্ঠা- ১০,১১,১২,১৩,১৪,১৫)

PTO...

০৬। সুপার চিৎকার চেচামেচি করে সুষ্ঠু পরিবেশ নষ্ট করেন। সকল ক্ষেত্রে সব সময় মিথ্যা কথা বলেন। কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই দিনের পর দিন প্রতিষ্ঠানে না এসে হাজিরা খাতায় স্বাক্ষর করেন। প্রতিষ্ঠানে না এসেও কয়েক দিনের হাজিরা স্বাক্ষর করেন। মুভমেন্ট রেজিস্ট্রার তিনি ব্যবহার করেন না।

০৭। সুপার প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে সম্পূর্ণ অদক্ষ ও অযোগ্য। অত্র মাদ্রাসার কোন অফিসিয়াল কাজের জন্য অর্থ প্রয়োজন হলে তিনি তা দেন না। প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব নম্বর এর নমুনা স্বাক্ষর পরিবর্তন করেন নি। প্রতিষ্ঠান পরিচালনার ব্যয় শিক্ষক ও কর্মচারীগণ ধার দেনা করে ব্যবস্থা করেন।

০৮। সুপার প্রতিষ্ঠানের কোনো দাপ্তরিক কাজ/ অফিসিয়াল কাজ করেন না। বুঝলে না বুঝার ভান করেন। আমরা সহকারী শিক্ষক দাপ্তরিক কাজ করার পরও সুপার তাতে স্বাক্ষর করতে অস্বীকৃতি জানান।

০৯। এ ধরণের অযোগ্য, অদক্ষ, মিথ্যাবাদী, অত্যাচারী, অসৎ, আচারনকারী সুপার আমরা চাই না। আমরা সকল শিক্ষক ও কর্মচারীগণ সুপারের প্রতি অনাস্থা জ্ঞাপন করছি।

এমতাবস্থায় জনস্বার্থে ধর্মী শিক্ষা প্রতিষ্ঠানকে ধবংসের হাত থেকে রক্ষা করার জন্য উপরোক্ত বিষয় বিবেচনা করিয়া প্রতিষ্ঠানের ভাবমূর্তি ও শিক্ষার পরিবেশ গতিশীল করার জন্য সবিনয়ে অনুরোধ করছি।

সংযুক্তি: বিভিন্ন অফিসারের পরিদর্শনের ফটোকপি ও জেলা শিক্ষা অফিসারের প্রতিবেদন, অনুপস্থিত থাকার হাজিরা খাতার ফটোকপি (মোট ১০ পৃ:)

বিনীত নিবেদক

আপনার একান্ত বাধ্যগত

মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীগণ

| ক্রমিক নং | শিক্ষক কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রহুল আমিন | সহকারী সুপার | [signature] |
| ০২ | মোঃ নস্‌কর আলী | সহকারী শিক্ষক (গণিত) | [signature] |
| ০৩ | মোছাঃ বিলকিস বানু | সহকারী মৌলভী | [signature] |
| ০৪ | নুরজাহান খাতুন | সহকারী মৌলভী | নুরজাহান |
| ০৫ | মনোয়ারা মাহাবুবা | সহকারী মৌলভী | [signature] |
| ০৬ | মোছাঃ মাহফুজা খাতুন | সহকারী শিক্ষক (বাংলা) | [signature] |
| ০৭ | মোছাঃ নুরজাহান | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | নুরজাহান |
| ০৮ | হাফিজা খানম | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | [signature] |
| ০৯ | মোঃ সিরাজুল ইসলাম | সহকারী শিক্ষক (কৃষি) | [signature] |
| ১০ | মোঃ শাখাওয়াত হোসেন | সহকারী শিক্ষক (আইসিটি) | [signature] |
| ১১ | জুলেখা খাতুন | ইবতেদায়ি প্রধান | [signature] |
| ১২ | সামসুল হক | সহকারী মৌলভী | [signature] |
| ১৩ | মোঃ সুজা উদ্দীন | সহকারী শিক্ষক (ইংরেজি) | [signature] |
| ১৪ | সহিদা খাতুন | ইবতেদায়ি মৌলভী | [signature] |
| ১৫ | শহুরা খাতুন | ইবতেদায়ি ক্বারী | [signature] |
| ১৬ | মোঃ গিয়াস উদ্দীন | নৈশ প্রহরী | [signature] |
| ১৭ | মোছাঃ নারগিস বানু | আয়া | নারগিস |
| ১৮ | মাফিয়া খাতুন | এম.এল.এস.এস | [signature] |
| ১৯ | মো: আসাদুজ্জামান হক | ইবতেদায়ী শি: | [signature] |

PTO....